অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/29/2020 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো নিউ ইয়র্ক স্টেট অফ হেলথ 2021এর উন্মুক্ত তালিকাভুক্তি সময়ের শুরু হওয়ার কথা ঘোষণা করলেন

প্ল্যানের বিকল্পগুলি এখন দেখার জন্য উপলভ্য

একটি বৈশ্বিক মহামারীর মধ্যে, উচ্চ মানের স্বাস্থ্য বীমা আগের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ

প্রায় সকল মার্কেটপ্লেস নিবন্ধিকৃতরা 2021 সালে কোন খরচ বৃদ্ধি দেখতে পাবেন না

হাজার হাজার প্রশিক্ষিত নিবন্ধিকরণের সহায়করা সাহায্য করতে প্রস্তুত

গভর্নর এন্ড্রু এম. কুওম আজ ঘোষণা করেছেন যে নভেম্বর 1 তারিখে NY স্টেট অফ হেলথ (NY State of Health) - রাজ্যের সরকারী স্বাস্থ্য পরিকল্পনার মার্কেটপ্লেস - 2021 সালের যোগ্যতাসম্পন্ন স্বাস্থ্য পরিকল্পনার (2021 Qualified Health Plans) জন্য উন্মুক্ত তালিকাভুক্তি চালু করবে।

"নিউ ইয়র্ক স্বাস্থ্যসেবায় প্রবেশাধিকার প্রসারিত করতে এবং সবার জন্য উচ্চ মানের বীমা উপলব্ধ করতে যে কোন রাজ্যের চেয়ে বেশী কাজ করেছে," **গভর্নর কুওমো বলেন।** "এবং যখন আমরা COVID-19 এর সাথে লড়াই চালিয়ে যাচ্ছি, নিশ্চিত করা যে প্রত্যেক নিউ ইয়র্কবাসীর বীমা করা হয়েছে এবং গুণগত মানের স্বাস্থ্যসেবা পাওয়ার সুযোগ আছে, আরো গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। যদি আপনি বীমাকৃত না হন, তাহলে 2021 সালে আপনি তা পরিবর্তন করুন, অনলাইনে যান অথবা সাহায্যের জন্য NY স্টেট অফ হেলথকে কল করুন।"

স্বাস্থ্য বীমার প্রবেশাধিকার বিশেষভাবে গুরুত্বপূর্ণ যেহেতু নিউ ইয়র্ক একটি বৈশ্বিক মহামারীর মুখোমুখি হয়ে চলেছে, এবং সকল নিউ ইয়র্কবাসী যারা বর্তমানে নিউ ইয়র্ক স্টেট অফ হেলথ (New York State of Health, NYSOH) এর মাধ্যমে একটি যোগ্যতাসম্পন্ন স্বাস্থ্য পরিকল্পনায় নিবন্ধিত আছেন তাদের কভারেজ পুনর্নবীকরণ করতে উৎসাহিত করা হচ্ছে। স্বাস্থ্য বীমা ছাড়া যে কেউ ওয়েবসাইটে গিয়ে নিবন্ধিত হওয়ার ই সুযোগটি নিতে পারেন। ওপেন এনরোলমেন্ট 31 জানুয়ারি, 2021 পর্যন্ত চলবে। চলমান COVID-19 জনস্বাস্থ্য জরুরী অবস্থার কারণে, ইতিমধ্যেই মেডিকেইড (Medicaid), চাইল্ড হেল্থ প্লাস (Child Health Plus) বা এসেনশিয়াল প্ল্যানে (Essential Plan) তালিকাভুক্ত গ্রাহকরা স্বয়ংক্রিয়ভাবে তাদের কাভারেজ অব্যাহত রাখবেন এবং এই মুহূর্তে তাদের পুনর্নবীকরণের প্রয়োজন হবে না।

ফেব্রুয়ারি 2020-তে NY স্টেট অফ হেলথ, এবং তার সাথে স্টেট ডিপার্টমেন্ট অফ ফিনান্সিয়াল সার্ভিসেস (State Department of Financial Services) এবং নিউ ইয়র্ক স্টেট বীমাকারক (New York State insurers), একটি বিশেষ নিবন্ধিকরণ সময়কাল শুরু করেছে এবং সম্প্রতি সেটি প্রসারিত করেছে বছরের

শেষ অবধি নিশ্চিত করার জন্য যে মানুষ যেন COVID-19 সম্পর্কিত পরীক্ষা বা চিকিৎসা পরিচর্যা খোঁজা এড়িয়ে না যান স্বাস্থ্য বীমা কভারেজের অভাবে।

নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ (New York State Department of Health) কমিশনার ডঃ হাওয়ার্ড জুকার বলেন, "এনওয়াই স্টেট অফ হেলথ জনস্বাস্থ্য জরুরী অবস্থার সময় কভারেজের প্রয়োজনে গ্রাহকদের জন্য একটি নিরাপত্তার জাল হিসেবে কাজ করে চলেছে এবং তাদের নিবন্ধিকরণের মাত্রা 5.5 মিলিয়ন মানুষেরও বেশি বৃদ্ধি পেয়েছে বলে দেখা গেছে। আমরা যখন 2021 সালের দিকে তাকাই, পরিকল্পনার পছন্দগুলো 2020 সালের সাথে সামঞ্জস্যপূর্ণ এবং আমরা কাস্টমার সার্ভিস সেন্টার এবং এনরোলমেন্ট সহায়ক উভয়ের মাধ্যমে গ্রাহকদের নাম নথিভুক্ত করতে সাহায্য করতে থাকব, যাদের ফোনের মাধ্যমে পাওয়া যাবে।"

2020 অর্থবছরের প্রণীত রাজ্যের বাজেটের অংশ হিসেবে, নিউ ইয়র্ক স্টেট অ্যাফোর্ডেবল কেয়ার অ্যাক্ট (Affordable Care Act) থেকে গুরুত্বপূর্ণ গ্রাহক সুরক্ষাসমূহ রাজ্যের আইনে পরিণত করেছে, যার মধ্যে রয়েছে প্রাক-বিদ্যমান শর্ত বর্জনের উপর নিষেধাজ্ঞা, বার্ষিক এবং আজীবন ডলারের সীমা রহিত করা, গুণগত মানের প্রয়োজনীয় স্বাস্থ্য সুবিধার নিশ্চয়তা, এবং শিশুদের তাদের বাবা-মায়ের প্ল্যানে রাখার ক্ষমতা 26 বছর বয়স পর্যন্ত।

NY স্টেট অফ হেলথ আশা করছে যে তারা প্রায় 200,000 পরিবারের জন্য যোগ্যতাসম্পন্ন স্বাস্থ্য পরিকল্পনা কভারেজ পুনর্নবীকরণ করতে পারবে এবং উন্মুক্ত নিবন্ধিকরণের সময় নতুন গ্রাহকদের কভারেজে নিবন্ধিত করা হবে। বর্তমান নিবন্ধিতরা, যাদের মধ্যে আছে একটি বিশেষ নিবন্ধিকরণের সময়সীমার মাধ্যমে একটি যোগ্যতাসম্পন্ন স্বাস্থ্য পরিকল্পনায় ভর্তি হয়েছেন এমন মানুষ, তারা ইতিমধ্যেই তাদের 2021 সালের পুনর্নবীকরণ বিজ্ঞপ্তি পেতে শুরু করেছেন এবং 16 নভেম্বর, 2020 তারিখে কভারেজ পুনর্নবীকরণ শুরু করতে পারেন। বিজ্ঞপ্তিতে প্রিমিয়াম, ট্যাক্স ক্রেডিট সম্পর্কে তথ্য অন্তর্ভুক্ত করা হবে, এবং যদি প্রযোজ্য হয় তাহলে কিভাবে একটি পরিকল্পনা নির্বাচন করতে হয়, তাও থাকবে। যে সব গ্রাহকরা কভারেজ পুনর্নবীকরণ করছেন তাদের নিবন্ধিকরণ শুরু হওয়ার আগে আয়, ঠিকানা বা পারিবারিক আকারের যে কোন পরিবর্তন, তাদের অ্যাকাউন্টে আপডেট করার পরামর্শ দেওয়া হচ্ছে। বেশিরভাগ যোগ্যতাপ্রাপ্ত স্বাস্থ্য পরিকল্পনা (Qualified Health Plan, QHP) এবং এসেনশিয়াল প্ল্যান (Essential Plan, EP) গ্রাহকদের 2021 সালে তাদের কাউন্টিতে অন্তত চারটি পরিকল্পনা থেকে বেছে নেওয়ার বিকল্প আছে।

গ্রাহকরা তাদের স্বাস্থ্য পরিকল্পনার বিকল্প ্রাউজ করে ওপেন এনরোলমেন্টের জন্য আগে থেকে পরিকল্পনা করতে পারেন। বিনামূল্যে নিবন্ধিকরণের সহায়তা রাজ্য জুড়ে স্থানীয় কমিউনিটিতে পাওয়া যাবে। গ্রাহকরা NYS প্রোভাইডার অ্যান্ড হেলথ প্ল্যান লুক-আপ টুল ব্যবহার করতে পারেন প্রদানকারীর নেটওয়ার্কগুলি এবং স্বস্থ্য পরিকল্পনাগুলি গবেষোণা করার জন্য। এই টুলের মাধ্যমে, যে গ্রাহকরা স্বাস্থ্য বীমার জন্য কেনাকাটা করছেন, তারা একটি স্থানে ডাক্তার এবং হাসপাতাল সহ তাদের পছন্দের স্বাস্থ্য সেবা প্রদানকারীর জন্য অনুসন্ধান করতে পারেন, দেখার জন্য যে কোন স্বাস্থ্য পরিকল্পনা সেই প্রদানকারীদের আছে তাদের নেটওয়ার্কে।

এসেনশিয়াল প্ল্যান, মেডিকেইড এবং চাইল্ড হেল্থ প্লাসে নিবন্ধিকরণ সারা বছর খোলা থাকে। অতিরিক্ত তথ্যের জন্য, NY স্টেট অফ হেল্থ ওয়েবসাইটে যান: nystateofhealth.ny.gov।

ভোক্তাগণ একটি স্বাস্থ্য পরিকল্পনায় নাম নথিভুক্ত করতে পারেন:

- 1-855-355-5777 এ কাস্টমার সার্ভিস সেন্টারে ফোন করার মাধ্যমে
- nystateofhealth.ny.gov এ ওয়েবসাইটে লগ-ইন করে
- একজন এনরোলমেন্ট অ্যাসিস্টরের সাথে কথা বলা। একজন আসিস্টর খুঁজুন এখানে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন